

ভারতীয় কূটনীতিক দেবযানী খোপড়াগাড়েৰ বিরুদ্ধে আনীত অভিযোগ যুকতরাষ্ট্র আদালত দ্বারা খারিজ

ভারতীয় কূটনীতিক দেবযানী খোপড়াগাড়েৰ বিরুদ্ধে আনীত অভিযোগ যুকতরাষ্ট্রের আদালত দ্বারা খারিজ হওয়া প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্র বলেন,

“নিউইয়র্কের দক্ষিণ জেলার যুকতরাষ্ট্রের জেলা আদালতের সম্মানীয় বিচারকের ১২ মার্চ তারিখের দেওয়া রায় আমরা দেখেছি। দেবযানী খোপড়াগাড়েৰ বিরুদ্ধে আনীত ৯ জানুয়ারি তারিখে দায়ের করা যাবতীয় অভিযোগ এবং বর্তমান মামলার ত্রেপ্তারি পরোয়াণা খারিজ করার ঐ রায়কে আমরা স্বাগত জানাচ্ছি।

যদিও মামলাটির সারবত্তা এবং গত ২০১৩ সালের ডিসেম্বর মাসে দেবযানী খোপড়াগাড়েৰ ত্রেপ্তারের গ্রহণযোগ্যতা বিষয়ে আমাদের অবস্থান ব্যাতিরেকে ঐ রায় আমরা নজর করেছি।

দ্বিপাক্ষিক স্ট্র্যাটেজিক অংশীদারি বিষয়ে উভয়দেশ গুরুত্ব আরোপ করে বলেই সরকার আশা করছে, আন্তর্জাতিক নিয়মাবলী ও প্রথার সংগে সঙ্গতি রেখেই বিষয়টির ভবিষ্যতে প্রগতি ঘটবে।”

নয়াদিল্লি

১৩ মার্চ ২০১৪

